



# পুচি ও টমের যোগ শিক্ষা


## ( ৩য় শ্রেনী, গনিত )

**Learning Outcome: ৯.১.১ হাতে না রেখে দুই বা তিন অংকবিশিষ্ট সর্বাধিক তিনটি সংখ্যা উপরে নিচে এবং পাশাপাশি যোগ করতে পারবে ।**

একদিন সকালে পুচি আর টম মাছের কাঁটা সংগ্রহ করছিলো। পুচি ১২ টি আর টম ৬ টি কাঁটা সংগ্রহ করে



টম কাঁটাগুলো একসাথে করে গুনতে থাকে কয়টি কাঁটা আছে ।এই একসাথে গণনা করাকেই আমরা যোগ বলি। আর যোগকে আমরা + চিহ্ন দিয়ে প্রকাশ করি ।




১২ + ৬ =১৮

পুচি জিজ্ঞেস করলো, “**তাহলে যোগ এর অর্থ কী দাড়াচ্ছে? “**



টম বললো, “যোগ এর অর্থ একসাথে করা। আমরা যখন দুই বা তার বেশী সংখ্যক কিছুকে একসাথে করবো তখন তাকে যোগ বলবো ।যেমন উপরে পুচি আর টম মিলে ১২টি এবং ৬ টি মাছের কাঁটাকে একসাথে করেছে। তাহলে তারা এখানে যোগ করেছে ।এবং যোগ করে পেয়েছে ১৮ টি কাঁটা। তাহলে ১২ এবং ৬ এর যোগফল ১৮ ।“

পুচি খুশী হয়ে সাবাস বলে উঠলো। তারপর বললো,

“**আমরা যোগ কেন করবো?”**

টম একটু চিন্তা করলো। তারপর বললো, “ যোগ আমাদের প্রতিদিনের কাজেই লাগে। বাজারের হিসাব করতে, ক্রিকেট খেলার রান গুনতে, ইদের সালামী গুনতে, কিংবা যে কোন কিছু একসাথে করে গুনতে গেলেই যোগ প্রয়োজন হয়। “

কিন্তু টম তো চিন্তায় পড়ে গেলো যে যোগ কীভাবে করতে  হয়?

সে জিজ্ঞেস করলো, “**তাহলে যোগ কীভাবে করবো? “**

পুচি একটা খাতা কলম হাতে নিয়ে বলতে বলতে লিখতে থাকলো,

“আমরা ক্লাস ২ এর পড়া থেকেই শুরু করি । ধরো, আমরা ২৩ এবং ২৫ যোগ করবো । এটাকে আমরা গাণিতিক ভাষায় লেখতে পারি

২৩+২৫

এখন এই যোগ কীভাবে করবো?

ধাপ ১ঃ  প্রথম সংখ্যাকে স্থানীয় মান অনুযায়ী লেখো । আমি নিচে লেখে দিচ্ছি।

| দশক | একক |
|---|---|
| ২ | ৩ |

ধাপ ২◌ঃ এবার পরের সংখ্যাটিকেও একই ভাবে আগের সংখ্যার নিচে স্থানীয় মান অনুযায়ী লেখো।

| দশক | একক |
|---|---|
| ২ | ৩ |
| ২ | ৫ |

ধাপ ৩◌ঃ এবার এদের নিচে একটা দাগ টানি । নিচের সংখ্যার বাম পাশে যোগ চিহ্ন দেই ।

| | দশক | একক |
|---|---|---|
| | ২ | ৩ |
| + | ২ | ৫ |

ধাপ ৪◌ঃ এবার আমরা প্রথমে ডান পাশের একক থেকে যোগ শুরু করবো ।

| | দশক | **একক** |
|---|---|---|
| | ২ | **৩** |
| + | ২ | **৫** |
| | | **৮** |

ধাপ ৫◌ঃ এরপর আমরা পরের বাম পাশের স্থানীয় মানের সংখ্যাগুলো যোগ করবো । আমরা আগে একক যোগ করেছিলাম । এখন আমরা এককের বাম পাশের দশক যোগ করবো।

| | **দশক** | একক |
|---|---|---|
| | **২** | ৩ |
| + | **২** | ৫ |
| | **৪** | ৮ |

এভাবেই আমরা যোগ করে বের করে ফেললাম,

২৩ + ২৫ =৪৮ "

টম তো এবার খুশী । সে অনেকটা বুঝে গিয়েছে।

আর টমের সাথে তোমরাও অনেকটাই বুঝে গিয়েছো । তাহলে,আশা করি এই অংশগুলো তোমরা খুব সহজেই পারবে। তাহলে নিচের যোগগুলো খাতায় করে ফেলোঃ

১/ ২+ ৭

২/ ২১+ ৭

৩/ ৮১ + ১০

৪/ ২৮ +৪১

এবার তাহলে চলো আমরা আরেকটু বড় সংখ্যা যোগ করার চেষ্টা করি। ধরো, আমাদের ৪৩২ এবং ৫৪৫ যোগ করতে হবে। তাহলে কীভাবে করবো। আমরা ঠিক আগের মতই ধাপগুলো অনুসরণ করবো ।

আমরা আগে গাণিতিক চিহ্নের সাহায্যে লেখে ফেলি।

৪৩২ + ৫৪৫

এবার আমরা প্রথম সংখ্যাকে স্থানীয় মান অনুযায়ী লেখি। খেয়াল করি, এবার শতকও যুক্ত হয়েছে।

| শতক | দশক | একক |
|---|---|---|
| ৪ | ৩ | ২ |

এবার পরের সংখ্যাটিকেও প্রথম সংখ্যার নিচে স্থানীয় মান অনুযায়ী লেখে ফেলি।

| শতক | দশক | একক |
|---|---|---|
| ৪ | ৩ | ২ |
| ৫ | ৪ | ৫ |

এবার নিচে দাগ টানি ও যোগ চিহ্ন বসাই ।

| | শতক | দশক | একক |
|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ |
| + | ৫ | ৪ | ৫ |

আমরা ডান পাশের একক থেকে যোগ শুরু করবো ।

| | শতক | দশক | **একক** |
|---|---|---|---|
| | ৪ | ৩ | **২** |
| + | ৫ | ৪ | **৫** |
| | | | **৭** |

এরপর আমরা বাম পাশের স্থানীয় মানে যাবো। এককের বাম পাশে দশক আছে। তাই এখন দশক যোগ করবো।

| | শতক | **দশক** | একক |
|---|---|---|---|
| | ৪ | **৩** | ২ |
| + | ৫ | **৪** | ৫ |
| | | **৭** | ৭ |

এবার আমরা দশকের বামের স্থানীয় মানে যোগ করবো। দশকের বামে আছে শতক। তাহলে আমরা শতক যোগ করছি।

| | **শতক** | দশক | একক |
|---|---|---|---|
| | **৪** | ৩ | ২ |
| + | **৫** | ৪ | ৫ |
| | **৯** | ৭ | ৭ |

শতকের বামে আর কোন সংখ্যা নেই। তাই আমরা আমাদের যোগফল পেয়ে ফেলেছি। আমাদের সমাধান তাহলে হচ্ছে,

৪৩২+ ৫৪৫ = ৯৭৭

দেখলে অনেক সহজ না?

টমের সাথে কিন্তু তোমরাও শিখে নিয়েছো কীভাবে যোগ করতে হয়। এবার চাইলেই তোমরা সাধারণ কিছু যোগ করে নিতে পারবে। আজ তো শিখলে কীভাবে হাতে না রেখে যোগ করতে হয়, সামনের ক্লাসে পুচি শিখিয়ে দিবে, কীভাবে হাতে রেখে যোগ করতে হয়।


তাহলে বাসায় বসে নিচের প্রশ্নগুলো একা একা প্র্যাক্টিস করে ফেলো?

১/ ১২০+৩৪০

২/ ২৪৩+২৩১

৩/ ৫২০+৪১১

৪/ ৮১২+৫৬



আজকের মত চলে যাচ্ছি। পুচি, টম ও আমার পক্ষ থেকে বিদায়। সামনের ক্লাসে আবার পুচি আর টম ফিরে আসবে নতুন আরো সমস্যা নিয়ে।